



বি-আর পাওয়ারজেন লিমিটেড
ঢাকা স্কয়ার, বাড়ী নং # ০১, রোড নং # ১৩,
সেক্টর # ০১ উত্তরা, ঢাকা-১২৩০।



নম্বর: ২৭.৩১.০০০০.০০৩.৩০.০০৫.১৮.৮

তারিখ: ৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

অফিস আদেশ

বি-আর পাওয়ারজেন লিমিটেডের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর [২.৩.১] নং সূচকে একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত করার লক্ষ্যমাত্রা রয়েছে। বি-আর পাওয়ারজেন লিমিটেডের বাজেট মতামত গ্রহণের অনুরোধ নির্বাহী পরিচালক (প্রকৌশল) এবং অন্যান্য বিভাগীয় প্রধান এর দপ্তর হতে নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তরে প্রেরণ করা হয়। সেখান থেকে বাজেট মতামত গ্রহণের অনুরোধ পর্যায়ক্রমে মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা উপব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এর দপ্তর হয়ে সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এর দপ্তরে প্রেরণ করা হয়। সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এর দপ্তর হতে বাজেট মতামত প্রদান করা হয়। উক্ত বাজেট মতামতটি পুনরায় পর্যায়ক্রমে উপব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর হয়ে নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর দপ্তরে যায়। সেখান থেকে বাজেট মতামতটি অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালকের কাছে পাঠানো হয়।

এখন থেকে বাজেট মতামত নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর হতে সরাসরি সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এর দপ্তরে প্রেরিত হবে। সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) বাজেট মতামত প্রদানপূর্বক উক্ত মতামতটি যথারীতি পুনরায় পর্যায়ক্রমে উপব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তরে প্রেরণ করা হবে। নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর হতে বাজেট মতামতটি সরাসরি অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালকের কাছে পাঠানো হবে। এর ফলে বাজেট মতামত গ্রহণের প্রক্রিয়া হতে ৩টি ধাপ কমে যাবে এবং প্রক্রিয়ার সম্পন্নকাল (Execution Period) ১ দিন কমে যাবে। ফলে প্রক্রিয়াটির সম্পন্নকাল ৩ দিনের পরিবর্তে ২ দিনে নেমে আসবে। সহজীকরণের পূর্বে প্রক্রিয়াটিতে ধাপ ছিল মোট ১২টি। সহজীকরণের ফলে বর্তমানে প্রক্রিয়াটিতে ধাপের সংখ্যা দাঁড়াবে মোট ৯টিতে। সহজীকৃত প্রসেস ম্যাপটি এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সংযুক্তিঃ প্রসেস ম্যাপ।

১৯-১-২০২১

মোঃ ফখরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ৮৯৩২৯৬২

ইমেইল:
md@brpowergen.gov.bd

নম্বর: ২৭.৩১.০০০০.০০৩.৩০.০০৫.১৮.৮/১(৭)

তারিখ: ৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) নির্বাহী পরিচালক (প্রকৌশল), নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড
- ২) নির্বাহী পরিচালক (অর্থ), নির্বাহী পরিচালক (অর্থ) এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড
- ৩) ডিজিএম, ডিজিএম (এইচআর ও এডমিন) এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড
- ৪) কোম্পানী সচিব, কোম্পানী সচিব এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিরসরাই ১৫০ মেঃওঃ ডুয়েল ফুয়েল (এইচএফও/গ্যাস) বিদ্যুৎ কেন্দ্র এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অপারেশন ও মেইনটিন্যান্স) এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড
- ৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কড্ডা ১৫০মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র) এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড





১৯-১-২০২১


পাপন দাশ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী


Traditional Budget Approval Process Map





 14.01.2021
 Engr. Papon Das
 Superintending Engineer (P&D)
 B-R Powergen Ltd


 14/01/2021
 (Md. Sharifur Rahman)
 Executive Director (F&A)
 B-R Powergen Ltd.


 14.01.2021
 (AKM Rashedul Hoque Chowdhury)
 Executive Director (Engineering)
 B-R Powergen Ltd.




 14.01.2021
 Engr. Papon Das
 Superintending Engineer (P&D)
 B-R Powergen Ltd


 14/01/2021
 (Md. Sharifur Rahman)
 Executive Director (F&A)
 B-R Powergen Ltd.


 14.01.2021
 (AKM Rashedul Hoque Chowdhury)
 Executive Director (Engineering)
 B-R Powergen Ltd.